অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/18/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো সমস্ত স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (STATE UNIVERSITY OF NEW YORK, SUNY) ক্যাম্পাসে অধ্যাপকদের বৈচিত্র বৃদ্ধি করার জন্য প্রোডিগ প্রচেষ্টা (PROMOTING RECRUITMENT, OPPORTUNITY, DIVERSITY, INCLUSION, AND GROWTH, PRODiG) শুরু করছেন

কম প্রতিনিধিত্ব হওয়া গ্রুপগুলি থেকে অধ্যাপকদের আকর্ষণ করতে ও তাদের ধরে রাখার জন্য এই ধরণের প্রথম কর্মসূচীর নির্দেশিকা ক্যাম্পাসে জারী করা হয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো - নিয়োগ, সুযোগ, বৈচিত্র্য, অন্তর্ভুক্তি, এবং বৃদ্ধির প্রচার - PRODiG শুরু করার কথা ঘোষণা করেন, যা স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্কের একটি প্রচেষ্টা তার 64টি ক্যাম্পাস জুড়ে ছাত্রদের বৈচিত্র্যকে আরও ভালভাবে প্রতিফলিত করার জন্য। এই ব্যাপ্তিতে এই ধরনের বহুমুখী কৌশলগুলির মধ্যে এটি হল প্রথম, এবং 2030 সালের মধ্যে কম প্রতিনিধিত্ব হওয়া গোষ্ঠীগুলির মধ্যে থেকে 1,000 জন অধ্যাপক নিয়োগের লক্ষ্য নিয়ে ক্যাম্পাস নিয়োগ ও ধরে রাখার কর্মসূচীগুলি এর অন্তর্ভুক্ত। এই নির্দেশিকাগুলি সব ক্যাম্পাসে জারি করা হয়েছে।

"নিউ ইয়র্কের শক্তি শুধু আমাদের সমৃদ্ধ সংস্কৃতিগুলি উদযাপন করা থেকেই আসে না, আসে আমাদের SUNY-র অধ্যাপকদের মধ্যে বৈচিত্র্য বৃদ্ধি করার সুযোগগুলি বাড়ানোর জন্য আক্রমণাত্মকভাবে কাজ করে", **গভর্নর কুওমো বলেন,** "এই ধরনের প্রথম উদ্যোগটি SUNY-র মৌলিক মূল্যবোধের মূলে রয়েছে এবং এটি দেশের সর্বোচ্চ মানের এবং সমৃদ্ধশালী ও বৈচিত্র্যপূর্ণ শিক্ষা প্রদানের উদ্দেশ্যে নিউ ইয়র্কের গভীর অঙ্গীকারবদ্ধতাকে প্রতিফলিত করে।"

"নিউ ইয়র্কে আমরা আমাদের সমৃদ্ধ সংস্কৃতি ও বৈচিত্র্য উদযাপন করি যা আমাদেরকে সাম্রাজ্ঞী রাজ্য তৈরি করেছে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমরা নিশ্চিত করতে চাই যে স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক সিস্টেমে আমাদের অধ্যাপকদের মধ্যে এমন প্রতিনিধিত্ব অন্তর্ভুক্ত যা আমাদের অবিশ্বাস্য ছাত্র জনসংখ্যা প্রতিফলিত করে। যারা তাদের পেশায়, বিশেষ করে STEM ক্ষেত্রগুলিতে কম প্রতিনিধিত্ব পেয়েছেন, আমরা তাদের জন্য সব বাঁধা অতিক্রম করার প্রতি অঙ্গিকারবদ্ধ। এই উদ্যোগটি কলেজ থেকে কর্মজীবন এবং দৈনন্দিন জীবনের সকল দিকগুলির ক্ষেত্রে নিউ ইয়র্কবাসীদের সমতা অর্জনের লক্ষ্যের উদ্দেশ্যে আমাদের আরেকটি পদক্ষেপ।"

এক বৈচিত্র্যপূর্ণ অধ্যাপকবৃন্দ শিক্ষাগত শ্রেষ্ঠত্বের জন্য গুরুত্বপূর্ণ এবং একটি ক্রমবর্ধমান বিশ্বব্যাপী, অন্তর্ভুক্তিমূলক এবং আন্তঃসংযুক্ত বিশ্বে বাস করতে এবং কাজ করার জন্য সমস্ত ছাত্রদের প্রস্তুত করার ক্ষেত্রে মৌলিক ভূমিকা পালন করে। নিউ ইয়র্কের বহুমুখী বৈচিত্র্যকে প্রতিফলিত করে এমন বিস্তৃত বৈচিত্র্যপূর্ণ ছাত্রসমূহকে নিবন্ধিত করার ক্ষেত্রে SUNY উল্লেখযোগ্য অগ্রগতি করেছে। 2018 সালের শরৎকালে, 28.5

শতাংশ SUNY-র ছাত্ররা কম প্রতিনিধিত্ব হওয়া গোষ্ঠী থেকে এসেছে, যা 2017 সালে 27.9 শতাংশ এবং 2007 সালে 15.4 শতাংশ থেকে বেশি।

ছাত্রদের বৈচিত্র্য তৈরি করার ক্ষেত্রে SUNY-র সাফল্য যতটা, এখনো অধ্যাপকদের ক্ষেত্রে অনুরূপ সাফল্য পাওয়া যায়নি। SUNY অধ্যাপকদের সদস্যদের মধ্যে আনুমানিক আট শতাংশ কম প্রতিনিধিত্ব হওয়া গোষ্ঠীদের দ্বারা গঠিত। PRODiG আক্রমণাত্মকভাবে পরবর্তী দশকের মধ্যে এই সংখ্যা প্রায় দ্বিগুণ করে তোলার লক্ষ্য স্থীর করেছে। SUNY এর আয়তন, আর তার সাথে ক্যাম্পাসের অবস্থান এবং বিস্তৃত ডিগ্রি প্রোগ্রামগুলি, ছাত্রদের সাফল্য অর্জনের জন্য এবং শ্রেষ্ঠত্বকে উত্সাহিত করার জন্য সুযোগ তৈরি করবে যার সুবিধা PRODiG নেবে এবং বিভিন্ন দৃষ্টিকোণ, পটভূমি এবং অভিজ্ঞতার প্রতিনিধিত্বের মাধ্যমে এই কাজ সম্পন্ন করবে।

SUNYর চেয়ারম্যান এইচ. কার্ল ম্যাককল বলেন, "আমরা এমন একটি স্টেটে থাকতে পেরে আনন্দিত, যেখানে গভর্নর বিভিন্ন স্তরে বৈচিত্র্য এবং অন্তর্ভুক্তির জন্য স্পষ্ট অঙ্গীকারবদ্ধতা স্থাপন করেছেন এবং আমাদের ক্যাম্পাসগুলিকে আরো নেতা, অধ্যাপক, কর্মী এবং ছাত্রদের কাছে আরো স্বাগতপূর্ণ করে তোলে। PRODiG এর মাধ্যমে আমরা আমাদের মূল্যবোধগুলি পুনর্নিশ্চিত করছি এবং আমাদের অধ্যাপকদের উপর মনোযোগ দিচ্ছি যাতে আরো মানুষ আমাদের সাথে যোগদান করার জন্যউত্সাহিত হয়।"

SUNY-র চ্যান্সেলর ক্রিস্টিনা এম.জনসন বলেছেন, "SUNY সাশ্রয়ী মূল্যের উচ্চমানের শিক্ষার ক্ষেত্রে নেতৃত্বের স্থান বজায় রেখেছে এবং অধ্যাপকদের বৈচিত্র্যকে বৃদ্ধি করার দিকে নজর কেন্দ্রীভূত করে চলেছে - বিশেষ করে STEM শৃঙ্খলাগুলিত কম প্রতিনিধিত্ব হওয়া সংখ্যালঘু এবং মহিলারা - যা সঠিক সময়ে করা সঠিক কাজ। PRODiG আমার কাছে ব্যক্তিগত বিষয় - আমার আট বছরের অস্নাতক এবং স্নাতকের ছাত্র থাকার সময়ের, আমি প্রাথমিকভাবে একজন অধ্যাপক হবার কথা বিবেচনা করিনি আমার পড়াশোনার ক্ষেত্রে কারণ STEM এ কোন মহিলা অধ্যাপক সদস্য ছিল না। এই ধরনের প্রথম প্রোগ্রামটি একটি প্রতিশ্রুতি রাখে যে, SUNY ছাত্রদের এবং অধ্যাপকদের প্রয়োজনাগুলি সম্বন্ধে শোনা অবিরত রাখে এবং স্টেট জুড়ে ক্যাম্পাসে তাদের শিক্ষার অভিজ্ঞতা সম্প্রসারণের সৃজনশীল উপায় খুঁজে বার করে।"

প্রাথমিকভাবে নিউ ইয়র্ক স্টেট দ্বারা একটি পারফরম্যান্স ইম্প্রুভমেন্ট ফান্ডের মাধ্যমে অর্থায়ন প্রদান করা হয় PRODiG এর, এটি আরো বৈচিত্র্যপূর্ণ অধ্যাপকদের আকৃষ্ট এবং ধরে রাখে রাখার জন্য তৈরি করা হয়েছে এবং ছাত্র এবং অধ্যাপকদের মধ্যে বিভিন্ন প্রতিনিধিত্বের মধ্যে যে ফাঁক রয়েছে তা সংকীর্ণ করে। এই উদ্যোগের মাধ্যমে, SUNY 2030 সালের মধ্যে কম প্রতিনিধিত্ব হওয়া গোষ্ঠী থেকে 1000টি অবধি প্রাথমিক মধ্য থেকে ক্যারিয়ারের অধ্যাপকদের নিয়োগ করার জন্য ক্যাম্পাস প্রচেষ্টাকে সমর্থন করবে। এই প্রোগ্রামটি সিস্টেম-ব্যাপি এবং ক্যাম্পাস সম্পদের সুবিধা নেবার জন্য এবং ক্যাম্পাসের শক্তির উপর গড়ে তোলার জন্য তৈরি করা হয়েছে।

PRODiG এর মাধ্যমে, SUNY STEM শৃঙ্খলাগুলিতে কম প্রতিনিধিত্বমূলক গোষ্ঠীগুলির জন্য তিন বছরের বেতন সহায়তা অনুদান প্রদান করবে, তারপরে পদগুলি প্রতিটি ক্যাম্পাস সম্পূর্ণভাবে অর্থায়ন করবে। কৌশলগত উদ্যোগের সিনিয়র ভাইস চ্যান্সেলর এবং চীফ ডাইভার্সিটি অফিসার টেরেসা এ মিলারের নেতৃত্বে SUNY সিস্টেমের অফিস অফ ডাইভার্সিটি, ইক্যুইটি অ্যান্ড ইনকুলেশন (Office of Diversity, Equity, and Inclusion, ODEI) এই উদ্যোগের নেতৃত্ব দেবেন।

এ ছাড়া, SUNY উচ্চ বিদ্যালয়ের সময় থেকে প্রতিভাবান ছাত্রদের উপর নজর রাখা শুরু করবে, যে সব ছাত্ররা শিক্ষাবিদের কর্মজীবনের প্রতি আগ্রহী তাদের জন্য একটি পাইপলাইন তৈরি করবে, এবং ছাত্রদের পরামর্শদান সমাবেশ ও সহায়তা প্রদানের মাধ্যমে উৎসাহিত করবে। SUNY অভিমুখীং ডক্টরাল ছাত্রদের সহায়তা করার জন্য ছাত্র-প্রতি 5,000 মার্কিন ডলারের একটি এককালীন স্নাতকের বৃত্তি প্রদান করবে।

ক্যাম্পাসের নির্দেশিকাগুলির মাধ্যমে, SUNY অধ্যাপকদের বৈচিত্র্য বৃদ্ধির জন্য চ্যালেঞ্জ এবং সুযোগ সনাক্তকরণের জন্য ক্যাম্পাসগুলিকে নিয়োগ করবে। ক্যাম্পাসগুলি এই মাসের শুরুতে ব্রিংহ্যামটন বিশ্ববিদ্যালয়ে (Binghamton University) প্রথম PRODiG প্রস্তাব কর্মশালায় অংশগ্রহণ করে।

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি সম্পর্কে
যুক্তরাষ্ট্রের স্টেট ইউনিভার্সিটি নিউ ইয়র্কে উচ্চতর শিক্ষার সর্বাধিক বিস্তৃত ব্যবস্থা, প্রদেশের প্রতিটি বাড়ি, স্কুল এবং ব্যবসার 30 মাইলের মধ্যে অবস্থিত 64 টি কলেজ এবং বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস সহ। 2018 সালের শরৎকালে, প্রায় 425,000 ছাত্র একটি SUNY ক্যাম্পাসের ডিগ্রি প্রোগ্রামে নিবন্ধিত হয়েছেন। সামগ্রিকভাবে, 2017-18 শিক্ষাবর্ষে, SUNY 1.4 মিলিয়ন ছাত্রদেরকে ক্রেডিট বহনকারী কোর্স এবং প্রোগ্রামে, অবিরত শিক্ষা এবং কমিউনিটি আউটরিচ প্রোগ্রামগুলিতে সেবা প্রদান করেছে। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্বাবধান করে| গবেষণা ও আবিষ্কারের ক্ষেত্রে এর ছাত্র এবং শিক্ষকরা উল্লেখযোগ্য অবদান রেখেছেন, 1.6 বিলিয়ন ডলারের গবেষণা পোর্টফোলিওতে অবদান রেখে। বিশ্বব্যাপী 3 মিলিয়ন SUNYর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন, এবং কলেজের ডিগ্রী সহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNYর প্রাক্তন শিক্ষার্থী। SUNY কীভাবে সুযোগ তৈরি করে সে সম্পর্কে আরো জানতে, www.suny.edu এ যান।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন